**ALL INDIA RADIO**

**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**2 February 2026** **7:35 AM IST**

===============================================================

দেশে শীঘ্রই সরল আয়কর নিয়মাবলী ঘোষণা করা হবে এবং চলতি বছরের পয়লা এপ্রিল থেকে নতুন আয়কর আইন বলবৎ হবে বলে অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ ২০২৬-২৭ অর্থ বছরের বাজেট পেশ করে একথা জানিয়েছেন ।

উত্তর-পূর্বাঞ্চলের যাতায়াত ব্যবস্থার উন্নয়নের জন্য চার হাজার ই-বাস চালানোর প্রস্তাব বাজেটে করা হয়েছে । অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ গতকাল সংসদে ২০২৬-২৭ অর্থ বছরের বাজেট পেশ করে দেশের পরিকাঠামো , কারিগড়ি এবং বৈদ্যুতিন ক্ষেত্রে বিশেষ গুরুত্ব আরোপের কথা উল্লেখ করেন । বাজেটে উত্তর-পূর্বাঞ্চলের ৫ টি রাজ্যে ৫ টি বিশেষ পর্যটনস্থল স্থাপন করার প্রস্তাব গ্রহণ করা হয় । এছাড়া আসাম , অরুণাচল প্রদেশ , সিকিম ,মণিপুর , মিজোরাম এবং ত্রিপুরার বৌদ্ধধর্মের সঙ্গে জড়িত তীর্থস্থানগুলির বিকাশের জন্য গৃহীত প্রকল্পে অনুমোদন জানানো হয় ।

অর্থমন্ত্রী শ্রীমতী সীতারমণ তাঁর বাজেট ভাষণে দেশের বর্ধিত এনিমেশন , ভিজুয়েল এফেক্ট , গেমিং এবং কমিক উদ্যোগ ক্ষেত্রে

২০৩০ সালের মধ্যে ২০ লক্ষ দক্ষতা সম্পন্ন লোকের প্রয়োজন হবে বলে মন্তব্য করেন । এ জন্য মুম্বাইতে একটি ভারতীয় সৃষ্টিশীল প্রযুক্তি প্রতিষ্ঠান স্থাপন করা সহ উত্তর-পূর্বাঞ্চলে একটি নতুন জাতীয় ডিজাইন প্রতিষ্ঠান স্থাপন করার প্রস্তাব করা হয় ।

মানসিক স্বাস্থ্যের চিকিৎসা ও উন্নতির জন্য বিশেষ গুরুত্ব আরোপ করে এবারের বাজেটে জাতীয় মানসিক স্বাস্থ্য প্রতিষ্ঠানের দ্বিতীয় শাখা খোলার বিষয়ে প্রস্তাব দেওয়া হয়েছে । কেন্দ্রীয় সরকার তেজপুর এবং রাঁচির জাতীয় মানসিক স্বাস্থ্য প্রতিষ্ঠান দুটিকে বিশেষভাবে উন্নত করার প্রয়াস করবে বলেও অর্থমন্ত্রী বাজেট ভাষণে উল্লেখ করেন ।

এবারের বাজেটে যুব প্রজন্মের জন্য দক্ষতা ভিত্তিক জীবিকার সুযোগ সৃষ্টি করার উদ্দেশ্যে তিনটি নতুন সর্বভারতীয় আয়ুর্বেদিক প্রতিষ্ঠান স্থাপন করা সহ পরবর্তী ৫ বছরে স্বাস্থ্য ক্ষেত্রে ১ লক্ষ পেশাদার লোক সৃষ্টির জন্য পদক্ষেপ গ্রহণ করার প্রস্তাব করা হয় । বাজেটে দিব্যাঙ্গদের মর্যাদা সম্পন্ন জীবিকা নিশ্চিত করার উদ্দেশ্যে দিব্যাঙ্গ কৌশল যোজনা এবং কৃত্রিম অংগ প্রত্যঙ্গ প্রতিস্থাপনের ক্ষেত্রে দিব্যাঙ্গ সাহারা যোজনা চালু করা হবে বলে উল্লেখ করা হয়েছে ।

২০২৬-২৭ অর্থ বছরের বাজেট সম্পর্কে রাজ্যের মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা সাংবাদিকদের জানিয়েছেন ---

**বাইট**

এছাড়া বাজেটে ১৫ টি পুরাতাত্ত্বিক স্থলের বিশেষ বিকাশ সাধনের প্রস্তাব সহ দেশে ৭ টি দ্রুতগতির রেল করিডোর স্থাপনের বিষয়ে উল্লেখ করা হয় ।

---

মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা ও রাজ্যের শিক্ষামন্ত্রী ডক্টর রনোজ পেগু আজ সকাল ১১টায় ভার্চুয়ালী গুয়াহাটী থেকে শিলচর অধরচাঁন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় এবং পি সি বড়জালেঙ্গা উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের নতুন ভবনের দ্বারোদঘাটন করবেন । এ উপলক্ষ্যে অধরচাঁন্দ বিদ্যালয়ে শিলচরের বিধায়ক দীপায়ন চক্রবর্তী এবং পি সি বড়জালেঙ্গায় বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই উপস্থিত থাকবেন ।

---

বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের ৩১ তম কেন্দ্রীয় অধিবেশন গতকাল শেষ হয়েছে । গতকাল অধিবেশনের শেষ দিন অভ্যর্থনা কমিটির পক্ষ থেকে  রাজ্যের মৎস ও পশুপালন মন্ত্রী কৃষ্ণেন্দু পালকে সংবর্ধনা জ্ঞাপন করা হয় । সংবর্ধনা গ্রহণ করে মন্ত্রী শ্রী পাল বরাক উপত্যকার ভাষা ও সংস্কৃতি সংরক্ষণ এবং বিকাশে বরাক বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের উল্লেখ্যযোগ্য ভূমিকা রয়েছে বলে মন্তব্য করেন । দীর্ঘদিন ধরে এই সংগঠন সাহিত্যিক ও সাংস্কৃতিক ক্ষেত্রে বরাক উপত্যকার ঐতিহ্য রক্ষায় গুরুত্বপূর্ণ অবদান রেখে চলছে বলেও  উল্লেখ করেন ।

---

লায়ন্স ক্লাব অফ শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং লোহারবন্দের বন বিভাগের কার্যালয়ের শিববারী প্রাঙ্গণে আজ বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে। শিবির সকাল ১০ টায় শুরু হবে ।

---